



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

লক্ষ্য করা যাচ্ছে, বোর্ডের বিভিন্ন সেবা প্রদানের ক্ষেত্রে বিশেষ করে নতুন শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, পাঠদান, স্বীকৃতি নবায়ন, কমিটি অনুমোদন, ইংলিশ মিডিয়াম স্কুলের নিবন্ধন ইত্যাদি অনুমোদনের ক্ষেত্রে বোর্ডের বিদ্যালয় পরিদর্শকের নাম ব্যবহার করে দীর্ঘদিন থেকে সেবা গ্রহীতাদের নিকট হতে প্রতারক চক্র নামে-বেনামে ফোন করে নগদ/বিকাশের মাধ্যমে অর্থ হাতিয়ে নেয়ার চেষ্টা করছে। গত কিছুদিন যাবৎ ০১৯৮৮১৩৩১৯৬ এই নম্বর থেকে বিদ্যালয় পরিদর্শকের নাম উল্লেখ করে ঢাকা বোর্ডের আওতাধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের ফোন করে টাকা দাবী করা হচ্ছে। যা অপরাধের সামিল। এসব অপরাধীদেরকে ধরিয়ে দিন।

যদি কোন প্রতারকচক্র এরূপ ফোন করে থাকে তার নাম এবং ফোন নম্বরসহ আইন প্রয়োগকারী সংস্থা অথবা নিকটস্থ থানাকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, বোর্ড যে কোন ধরনের ফি গ্রহণের জন্য কোন ব্যক্তির নিকট কখনো ফোনে/নগদ টাকা গ্রহণ করে না। বোর্ড কেবল মাত্র সোনালী সেবার মাধ্যমে ফি গ্রহণ করে।

এ ব্যাপারে সকলের সহযোগিতা কাম্য।

প্রফেসর আজাদ হোসেন চৌধুরী

সচিব 16.2.23

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন: ০২২২৩৩৬৯৮১৩